

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ৭, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
(আয়কর)  
প্রজ্ঞাপন

তারিখ: ২৩ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ/০৭ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ১২-আইন/আয়কর-৬২/২০২৫।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, খুচরা যন্ত্রাংশসহ পূর্ণাঙ্গ ফ্রিজার, রেফ্রিজারেটর, মোটরসাইকেল, এয়ারকন্ডিশনার ও কম্প্রসর তৈরীর ক্ষমতাসম্পন্ন শিল্প প্রতিষ্ঠানের কেবল এই শিল্পের ব্যবসা হইতে অর্জিত আয়ের উপর প্রদেয় আয়কর হার হ্রাস করিয়া ২০% এ নির্ধারণ করিল, যথা:—

**শর্তাবলি:**

- (ক) শিল্প প্রতিষ্ঠানটি কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত হইতে হইবে;
- (খ) শিল্প প্রতিষ্ঠানটিকে আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (৫) এবং (৬) সহ অন্যান্য বিধানাবলি পরিপালন করিতে হইবে;
- (গ) শিল্প প্রতিষ্ঠানটির নিজস্ব মোল্ড ও ডাইস তৈরীর ক্ষমতা থাকিতে হইবে;
- (ঘ) শিল্প প্রতিষ্ঠানটির নিজস্ব poly urethane foaming plant, powder coating plant এবং সক্রিয় (active) বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট এর ব্যবস্থা থাকিতে হইবে;

( ৭৯ )

মূল্য : টাকা ৪.০০

- (ঙ) শিল্প প্রতিষ্ঠানটি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত হইতে হইবে;
- (চ) শিল্প প্রতিষ্ঠানটি বিদ্যমান ব্যবসার পুনর্গঠন বা এইরূপ ব্যবসা বিভাজন দ্বারা গঠিত শিল্প প্রতিষ্ঠান অথবা বাংলাদেশে বিদ্যমান ব্যবসা প্রতিষ্ঠান হইতে মেশিনারি অথবা স্থাপনা হস্তান্তরের মাধ্যমে গঠিত কোনো শিল্প প্রতিষ্ঠান হইতে পারিবে না; এবং
- (ছ) এই প্রজ্ঞাপন অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত কোনো শিল্প প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত কোনো শর্ত বা শর্তাবলি পরিপালনে ব্যর্থ হইলে জাতীয় রাজস্ব বোর্ড, তৎকর্তৃক প্রদত্ত অনুমোদন প্রত্যাহার করিতে পারিবে।

২। এস.আর.ও. নং ৩২৫-আইন/আয়কর/২০২১, তারিখ: ২১ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ, এতদ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ২০২৫-২০২৬ করবর্ষ হইতে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০৩২ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ

সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

অর্থ মন্ত্রণালয়

ও

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড।